



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৪/ ৮-১৩৭

তারিখ: ১৪/০৭/১৪

বিষয় : কলেজের একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত

সূত্র : (ক) পত্র নং- ম. ম. ক/২০১৪/২২৮ তারিখ: ৩০/০৬/২০১৪।

(খ) চেয়ারম্যান মহোদয়ের ০৮/০৯/২০১৪ তারিখে নথিতে অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার মনপুরা উপজেলাধীন মনপুরা মহিলা কলেজ -এর উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান বিভাগ এবং ব্যবসায় শিক্ষা শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি এবং ফলাফল সন্তোষজনক না হওয়ায় উক্ত শাখা দুটি স্বীকৃতি স্থগিত রেখে নিম্নে আরোপিত শর্তাবলী পূরণ সাপেক্ষে শুধুমাত্র মানবিক শাখার নিম্নবর্ণিত বিষয়সমূহের স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৬ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা ৩০-০৬-২০১৬ তারিখ অতিক্রান্ত হবার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা ও বিষয় সমূহ

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।।

০২। নৈর্বাচনিক বিষয়

ক) মানবিক শাখা : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা এবং সমাজ কর্ম।

শর্তাবলী :

- প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করাতে হবে এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- জনবল কাঠামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন অত্র বোর্ডে দাখিল করতে হবে
- সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

মনোয়ারা বেগম মহিলা কলেজ

ডাকঘরঃ মনপুরা, জেলা: ভোলা

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৪. সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৬. সংক্ষণ নথি